

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৪/০৫/২০২১

গুলশানে শিক্ষার্থীর মরদেহ উদ্ধারের ঘটনায় কর্মজীবী নারীর প্রতিবাদ

গত ২৬ এপ্রিল ২০২১ তারিখে রাজধানীর গুলশানের একটি ফ্ল্যাটে কলেজ ছাত্রী মোসেরাত জাহান মুনিয়ার মৃত দেহ উদ্ধার করা হয়। এই ঘটনার প্রতিক্রিয়ায় কর্মজীবী নারীর সভাপতি ড. প্রতীমা পাল মজুমদার, সাধারণ সম্পাদক শারমিন কবীর, সহ-সভাপতি উম্মে হাসান বালমলসহ নেতৃত্বাত্মক এক যৌথ বিহৃতিতে বলেন, বিশ্ব যখন করোনা মহামারির সংকটে নিপতিত তখন দেশে নারী ও শিশু নির্যাতনের একের পর এক ভয়াবহ ঘটনা সকলকে উদ্বিগ্ন করে তুলেছে। কর্মজীবী নারী মনে করে যে, পূর্বে এধরনের ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়ার কারণে অপরাধীরা পার পেয়ে যাচ্ছে ও অপরাধ করেও ধরা-ছেঁয়ার বাইরে থাকছে।

উক্ত পরিহিতিতে কর্মজীবী নারী এই ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করে অপরাধের সুষ্ঠু তদন্ত এবং অপরাধীদের আইনের আওতায় আনার দাবী জানাচ্ছে। সেই সাথে মুনিয়ার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে।

বার্তা প্রেরক

দেওয়ান আব্দুস সাফি

সমন্বয়ক

কর্মজীবী নারী